গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
এনজিও বিষয়ক ব্যুরো
প্রধান উপদেষ্টার কার্যালয়
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

স্মারক নম্বর-০৩.০৭.২৬৬৬.৬৬৬.৬৮.১৪৬.২৫ ২১৪ তারিখঃ ৩০/০৭/২০২৫ খ্রিঃ

বিষয়ঃ "Media Resources Development Initiative (MRDI)" নামীয় সংস্থার "Togetherness for informed energy transition" (০১ জুলাই ২০২৫ থেকে ৩০ জুন ২০২৬) শীর্ষক প্রকল্পের এফডি-৬ অনুমোদনসহ অর্থছাড়।

সূত্র: সংস্থার ১৫/০৬/২৫ খ্রিঃ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে "Media Resources Development Initiative (MRDI)" নামীয় সংস্থার "Togetherness for informed energy transition" প্রকল্পটি ০১ জুলাই ২০২৫ থেকে ৩০ জুন ২০২৬ খ্রিঃ মেয়াদে মোট ১,৬৫,৭৭,৫৮৩/- (এক কোটি পঁয়ষট্টি লক্ষ সাতাত্তর হাজার পাঁচশত তিরাশি) টাকা ব্যয়ে নিম্নোক্ত শর্তে অনুমোদনসহ প্রকল্পে কর্মসুচী বাস্তবায়নের লক্ষ্যে মোট বাজেট ১,৬৫,৭৭,৫৮৩/- (এক কোটি পঁয়ষট্টি লক্ষ সাতাত্তর হাজার পাঁচশত তিরাশি) টাকা নিম্নোক্ত শর্তে দাতা সংস্থা "Tara Climate Ltd. Singapore" এর নিকট হতে সাউথইস্ট ব্যাংক পিএলসি, ধানমন্ডি শাখা, ধানমন্ডি, ঢাকা, হিসাব নম্বর-০০১২১১১০০০০৬৬১৬ (মাদার একাউন্ট)-এর মাধ্যমে গ্রহণ ও ব্যয়ের অনুমতি নির্দেশক্রমে প্রদান করা হলো।

শর্তাবলীঃ

(ক) সংশ্লিষ্ট জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারকে প্রকল্প বাস্তবায়ন প্রক্রিয়ার সাথে সম্পৃক্ত রাখতে হবে। এ লক্ষ্যে এফডি-৬ এর অনুলিপি সংস্থা কর্তৃক সংশ্লিষ্ট জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারকে সরবরাহ করে এর প্রমানক ১৫ (পনের) দিনের মধ্যে ব্যুরোতে দাখিল করতে হবে।

(খ) প্রকল্প বর্ষ শেষে প্রকল্প বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন এনজিও বিষয়ক ব্যুরোতে এবং সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারের প্রাপ্তি স্বীকারমূলক প্রমাণক দাখিল করতে হবে।

(গ) প্রকল্প কার্যক্রমের অডিট রিপোর্ট প্রকল্প বর্ষ সমাপ্তির ০৩ (তিন) মাসের মধ্যে এনজিও বিষয়ক ব্যুরো ও বাংলাদেশ ব্যাংকের পরিসংখ্যান বিভাগে দাখিল করতে হবে।

(ঘ) প্রকল্প বর্ষ সমাপ্তির ২ (দুই) মাসের মধ্যে পরিপত্রের ৫(১৪) নং অনুচ্ছেদের আলোকে নির্ধারিত ফরম-৫ অনুযায়ী প্রকল্পের বাস্তব অগ্রগতির বার্ষিক প্রতিবেদন এবং স্থানীয় প্রশাসনের প্রত্যয়নপত্র এনজিও বিষয়ক ব্যুরোতে দাখিল করতে হবে।

(ঙ) প্রকল্প বাস্তবায়নে সকল প্রকার ওভারলেপিং এবং দ্বৈততা পরিহার করতে হবে। অন্যকোন সংস্থা/সরকার পরিচালিত অনুরূপ প্রকল্পের উপকারভোগীর কোন ব্যক্তি/পরিবারকে এই প্রকল্পের উপকারভোগী নির্বাচন করা যাবে না।

(চ) জাতীয় রাজস্ব বোর্ডের সার্কুলারের ভাষ্য মোতাবেক আয়কর/ভ্যাট ইত্যাদি যথারীতি কর্তন করতে হবে।

(ছ) সংস্থা/প্রকল্পের কোন কর্মকর্তা কর্মচারী রাষ্ট্র বা সরকার রিরোধী কোন কর্মকান্ডে জড়িত হলে সংস্থা বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(জ) প্রকল্পে অর্ন্তভুক্ত সভা, সেমিনার এবং প্রশিক্ষণ কার্যক্রমে এনজিও বিষয়ক ব্যুরোকে আবশ্যিকভাবে সম্পৃক্ত রাখতে হবে।

(ঝ) প্রকল্পের বিস্তারিত বাজেট সংস্থার নিজস্ব ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।

(ট) পরবর্তী সময়ে মন্ত্রণালয়ে থেকে কোন মতামত পাওয়া গেলে তা বাস্তবায়ন করতে হবে।

৩০/০৭/২০২৫

(সিরাজুল ইসলাম খান)
এসাইনমেন্ট অফিসার
(সিনিয়র সহকারী সচিব)
ফোনঃ ৫৫০০৭৩৯৫
email: ao5@ngoab.gov.bd

নির্বাহী পরিচালক
Media Resources Development Initiative (MRDI)
৮/১৯ স্যার সৈয়দ রোড, ব্লক-এ, মোহাম্মদপুর, ঢাকা।
ইমেইল: info@mrdibd.org

স্মারক নম্বর-০৩.০৭.২৬৬৬.৬৬৬.৬৮.১৪৬.২৫ তারিখঃ ৩০/০৭/২০২৫ খ্রিঃ

সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা।
০২। পরিচালক (নিবন্ধন ও অডিট), এনজিও বিষয়ক ব্যুরো।
০৩। জেলা প্রশাসক, ঢাকা (স্থানীয় প্রশাসনের প্রত্যয়নপত্র ব্যুরোতে দাখিল করে তার অনুলিপি সংস্থাকে প্রদান করার জন্য তাঁকে অনুরোধ করা হলো)।
০৪। মহাব্যবস্থাপক, বৈদেশিক মুদ্রানীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
০৫। উপপরিচারক (পওনি), এনজিও বিষয়ক ব্যুরো।
০৬। উপজেলা নির্বাহী অফিসার, চিলমারী, কুড়িগ্রাম/শ্যামনগর, সাতক্ষীরা/হালুয়াঘাট, ময়নসিংহ।
০৭। ম্যানেজার, সাউথইস্ট ব্যাংক পিএলসি, ধানমন্ডি শাখা, ধানমন্ডি, ঢাকা [ছাড়কৃত ১,৬৫,৭৭,৫৮৩/- (এক কোটি পঁয়ষট্টি লক্ষ সাতাত্তর হাজার পাঁচশত তিরাশি) টাকা প্রদান করার জন্য অনুরোধ করা হলো]।
০৮। অফিস কপি।

(সিরাজুল ইসলাম খান)
এসাইনমেন্ট অফিসার

# এফডি-৬

## বৈদেশিক সাহায়তাপুষ্ট প্রকল্প সমূহের নমুনা ছক

| | | | |
|---|---|---|---|
| ১. | ক. এনজিও'র নাম | : | মিডিয়া রিসোর্সেস ডেভেলপমেন্ট ইনিশিয়েটিভ (এমআরডিআই) |
| | খ. ব্যুরোর নিবন্ধন নং ও তারিখ | : | নিবন্ধন নং- ১৯৬২ ও তারিখ- ২১ সেপ্টেম্বর ২০০৪ |
| | গ. সর্বশেষ নবায়ন ও মেয়াদ উত্তীর্ণের তারিখ | : | সর্বশেষ নবায়ন- ২১ সেপ্টেম্বর ২০১৯ ও মেয়াদ উত্তীর্ণের তারিখ- ২১ সেপ্টেম্বর ২০২৯ |
| | ঘ. ঠিকানা | : | ৮/১৯ স্যার সৈয়দ রোড, ব্লক-এ, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭ |
| | ঙ. টেলিফোন ও ফ্যাক্স নং | : | টেলিফোন: +৮৮ ০২ ৪১০২২৭৭২-৭৪ |
| | চ. ইমেল এ্যাড্রেস | : | info@mrdibd.org |
| | ছ. ওয়েব সাইট | : | www.mrdibd.org |
| ২. | প্রকল্পের নাম | : | Togetherness for informed energy transition |
| ৩. | প্রকল্পের মেয়াদ | : | ১২ মাস |
| | ক. শুরুর তারিখ | : | ০১ জুলাই ২০২৫ |
| | খ. সমাপ্তির তারিখ | : | ৩০ জুন ২০২৬ |
| ৪. | প্রকল্প এলাকা | : | ঢাকা |

| বিভাগ | জেলা/সিটি কর্পোরেশন | উপজেলা/থানা/পৌরসভা/ওয়ার্ড |
|---|---|---|
| ঢাকা | ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশন | ঢাকা সিটি কর্পোরেশন |

৫. প্রাক্কলিত ব্যয় ও দাতা সংস্থার নাম :

ক. প্রাক্কলিত ব্যয় (টাকায়) :

| ক্রমিক নং | অর্থের উৎসের বিবরণ | প্রকল্প বর্ষ-১ | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | বিদেশ থেকে প্রাপ্ত অনুদান (বাংলাদেশী টাকায় পরিবর্তিত) | ১৬,৫৭৭,৫৮৩.০০ | |
| ২. | দেশে অবস্থানরত বিদেশী দাতার প্রদত্ত অনুদান | প্রযোজ্য নহে | |
| ৩. | স্থানীয় অনুদান (উৎসের বিস্তারিত বিবরণ ও প্রমাণকসহ) | প্রযোজ্য নহে | |
| | মোট | ১৬,৫৭৭,৫৮৩.০০ | |

| | | | |
|---|---|---|---|
| খ. | ১. দাতা সংস্থার নাম | : | **Tara Climate Ltd.** |
| | ২. দাতা সংস্থার ঠিকানা | : | 65 Chulia S2, #42-04 Singapore 049513 |
| | ৩. ফোন/মোবাইল/ইমেইল নম্বর | : | ফোন: +65 9273 4788<br>ইমেইল: info@taraclimate.org |
| | ৪. ওয়েবসাইট | : | www.taraclimate.org |

৫. মানিলন্ডারিং এবং সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধের নিমিত্ত : যাচাই করা হয়েছে। সংশ্লিষ্টতা নেই।
**United Nations Security Councils Resulation (UNSCR)** কর্তৃক প্রকাশিত তালিকার সাথে দাতা সংস্হার/ব্যক্তির তথ্য যাচাই করা হয়েছে কিনা/কোন সংশ্লিষ্টতা রয়েছে কিনা:

৬. বিস্তারিত প্রকল্প:

ক. ভূমিকা এবং পটভূমি (সংশ্লিষ্ট এলাকায় প্রকল্প কার্যক্রম সংক্রান্ত বিরাজমান অবস্থা তথ্য/উপাত্তসহ উল্লেখপূর্বক প্রস্তাবিত প্রকল্পটি

**সংক্ষেপে অবতারণা করতে হবে। প্রকল্পটি প্রণয়নকালে কিভাবে কমিউনিটিকে সম্পৃক্ত করা হয়েছে তা উল্লেখ করতে হবে) ঃ**
জাতিসংঘের জলবায়ু পরিবর্তন ফ্রেমওয়ার্ক কনভেনশনের দেশগুলোর মধ্যে একটি দেশ বাংলাদেশ যা বিশ্বের অন্যতম জলবায়ু ঝুঁকিপূর্ণ দেশগুলোর মধ্যে একটি। দেশ হিসেবে অন্যতম কম গ্রিনহাউস গ্যাস নিঃসরণকারী দেশগুলোর মধ্যে একটি হলেও বাংলাদেশ সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি, তাপমাত্রা বৃদ্ধি, ঘন ঘন বন্যা, ঘূর্ণিঝড় ও চরম আবহাওয়াজনিত দুর্যোগের মুখোমুখি হচ্ছে প্রতিনিয়ত। বিশ্ব ঝুঁকি প্রতিবেদন ২০২৪ অনুযায়ী, বাংলাদেশ বিশ্বের নবম সর্বোচ্চ প্রাকৃতিক দুর্যোগ ঝুঁকিপূর্ণ দেশ।

বিশ্বব্যাংকের "কান্ট্রি ক্লাইমেট অ্যান্ড ডেভেলপমেন্ট রিপোর্ট" পূর্বাভাস দিয়েছে যে, ২০৫০ সালের মধ্যে জলবায়ু পরিবর্তনজনিত কারণে কৃষি খাতে এক-তৃতীয়াংশ জিডিপি হারানোর সম্ভাবনা রয়েছে এবং ১.৩৩ কোটি মানুষ অভ্যন্তরীণভাবে স্থানান্তরিত হতে পারে। নারীরা এর প্রভাবে সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হবে।

অর্থনীতিতে বাংলাদেশ এক সময়ের 'বাস্কেট কেস' থেকে উন্নয়নশীল দেশের রোল মডেলে রূপান্তরিত হয়েছে এবং এই অগ্রগতির অন্যতম চালিকা শক্তি হচ্ছে বিদ্যুৎ সরবরাহের সক্ষমতা। এ সময়কালে দেশটি বিদ্যুৎ উৎপাদনে উল্লেখযোগ্য অগ্রগতি সাধন করেছে এবং দেশের ১০০ শতাংশ জনগণকে বিদ্যুৎ সেবার আওতায় এনেছে, তবে এর জন্য পরিবেশগত ব্যয়কে উপেক্ষা করতে হয়েছে। বাংলাদেশের জ্বালানি খাত, যা মূলত জীবাশ্ম জ্বালানি (কয়লা, তেল ও প্রাকৃতিক গ্যাস) নির্ভর, গ্রিনহাউস গ্যাস নিঃসরণের প্রধান উৎস।

গ্লোবাল এনার্জি থিঙ্ক ট্যাংক এম্বার-এর তথ্য অনুযায়ী, গত দুই দশকে বাংলাদেশে বিদ্যুৎ খাত থেকে নিঃসরণ বেড়েছে, কারণ চাহিদা পূরণে মূলত জীবাশ্ম জ্বালানির ওপর নির্ভর করা হয়েছে। বাংলাদেশে বিদ্যুৎ উৎপাদনের মাত্র ২ শতাংশ আসে নবায়নযোগ্য উৎস থেকে, যা বৈশ্বিক গড় ৩৯ শতাংশের তুলনায় অনেক কম। বাংলাদেশ বিদ্যুৎ উৎপাদনে উল্লেখযোগ্য অগ্রগতি সাধন করলেও, এটি মূলত জীবাশ্ম জ্বালানির ওপর নির্ভরশীল। ক্লিন এনার্জির ব্যবহার বর্তমানে মাত্র ৫%। সরকার ২০৪১ সালের মধ্যে নবায়নযোগ্য জ্বালানি থেকে ৪০% বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করলেও বাস্তব অগ্রগতি খুবই সীমিত।

বিষয়টি ভয়াবহ হলেও গণমাধ্যমে এ-সংক্রান্ত আলোচনা খুবই কম। মাঝে মাঝে উপ-সম্পাদকীয়, গ্রীন ভেনচার বিষয়ক সংবাদ এবং প্রেস বিজ্ঞপ্তী গণমাধ্যমে প্রকাশিত হলেও বিকল্প জ্বালানী উৎস, পরিবেশের উপর জীবাশ্ম জ্বালানীর প্রভাব, জলবায়ু পরিবর্তন এবং সর্বোপরি জীবনের উপর এর প্রভাব বিষয়ে প্রতিবেদনের সংখ্যা অতি নগন্য। পরিচ্ছন্ন জ্বালানী বিষয়ক প্রচারণার পাশাপাশি কর্তৃপক্ষের ও বিভিন্ন কোম্পানীর দৃষ্টি আকর্ষন নিশ্চিত করতে গণমাধ্যম গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে।

পাশাপাশি একটি টেকসই শক্তি রূপান্তরের জন্য জনগণকে সম্পৃক্ত করা, তথ্যভিত্তিক আলোচনা এবং অংশগ্রহণমূলক নীতিনির্ধারণ প্রক্রিয়ায় সকল অংশীদারগণ যেমন সরকার, নাগরিক সমাজ, স্থানীয় কমিউনিটি এবং অন্যান্য অংশীজনদের যৌথ প্রচেষ্টা ত্বরান্বিত করতে সংবাদমাধ্যমের ভূমিকা রয়েছে। সংবাদমাধ্যম নাগরিকদের তথ্য প্রদান ও কর্তৃপক্ষকে জবাবদিহির আওতায় আনার পাশাপাশি শক্তির রূপান্তর-সংক্রান্ত জটিল বিষয়গুলো সহজভাবে তুলে ধরে জনগণকে সচেতন করতে পারে। পাশাপাশি, এটি জনমত গঠনে, রাজনৈতিক সিদ্ধান্তে প্রভাব বিস্তার এবং সামাজিক পরিবর্তনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে।

এ প্রেক্ষাপটে, সাংবাদিকদের সক্ষমতা বৃদ্ধি ও সংবাদমাধ্যমকে জ্বালানি রূপান্তর বিষয়ে অধিকতর তথ্যভিত্তিক প্রতিবেদন তৈরিতে উৎসাহিত করা অত্যন্ত জরুরি। এই প্রেক্ষিতে 'Togetherness for informed energy transition' শীর্ষক প্রকল্পটি তৈরী করা হয়েছে। প্রকল্পের মূল উদ্দেশ্য হচ্ছে বাংলাদেশে জ্বালানি রূপান্তরকে এগিয়ে নিতে নীতি-নির্ধারণী আলোচনায় সংবাদমাধ্যম, নাগরিক সমাজ এবং তরুণদের অংশগ্রহণ নিশ্চিত করা।

এমআরডিআই দীর্ঘদিন ধরে সাংবাদিকতা ও গণমাধ্যমের গুণগতমান উন্নয়নে কাজ করে আসছে। সকল কর্মকাণ্ডের মতো এই প্রকল্পটি তৈরিতেও বিশিষ্ট সাংবাদিক ও সাংবাদিকদের পেশাগত প্রতিষ্ঠান বাংলাদেশ ফেডারেল ইউনিয়ন অব জার্নালিস্টস (বিএফইউজে) এর সাবেক সভাপতি এবং জাতীয় প্রেসক্লাবের সম্মানিত সদস্যদের সহায়তা গ্রহণ করা হয়েছে।

খ. (১) **প্রকল্পটির যৌক্তিকতা এবং জাতীয় পরিকল্পনার সাথে প্রাসঙ্গিকতাঃ**

- ২০৩০ সালের মধ্যে নবায়নযোগ্য জ্বালানী, জ্বালানী দক্ষতা এবং উন্নততর ও নির্মলতর জীবাশ্ম জ্বালানী প্রযুক্তিসহ পরিচ্ছন্ন জ্বালানী গবেষণা ও প্রযুক্তিতে আন্তর্জাতিক সহযোগিতা বৃদ্ধি করা এবং জ্বালানী অবকাঠামো ও পরিচ্ছন্ন জ্বালানী প্রযুক্তিখাতে বিনিয়োগের পরিমাণ বৃদ্ধি টেকসই উন্নয়নের ৭.ক অভীষ্ট। এই প্রকল্পে গৃহীত কার্যক্রম এই লক্ষ্য অর্জনে সহায়ক হবে।
- টেকসই বাংলাদেশের নবায়নযোগ্য জ্বালানী নীতিমালার উদ্দেশ্য বাস্তবায়ণে প্রকল্প কার্যক্রম গুরুত্বপূর্ণ ভূমিকা



Media Resources Development Initiative (MRDI) 8/15 Sir Syed Road Block-A, Mohammadpur Dhaka-1207

রাখবে।

- সরকারি কৌশল বাস্তবায়নে সংবাদমাধ্যম, নাগরিক সমাজ এবং তরুণদের অংশগ্রহণ নিশ্চিতে ভূমিকা রাখবে।
- টেকসই জ্বালানী উন্নয়ন, জ্বালানী নিরাপত্তা নিশ্চিতকরণ এবং কার্বণ নি:সরণ কমিয়ে একটি জ্বালানী সচেতন সমাজ গঠনের রুপকল্প নিয়ে কাজ করছে টেকসই ও নবায়নযোগ্য জ্বালানী উন্নয়ন কর্তৃপক্ষ। এই প্রকল্প কার্যক্রম রুপকল্প অর্জনে সহায়ক হিসাবে কাজ করবে।
- ২০২২-২০৪১ এর প্রেক্ষিত পরিকল্পনা অনুযায়ী পুন:নবায়নযোগ্য জ্বালানী উৎপাদনের সরকারি উদ্যোগে অবদান রাখবে। এনএসপিআর-২ হচ্ছে সরকারের দারিদ্র হ্রাস বিষয়ক দ্বিতীয় কৌশলপত্র। কার্বণ নি:সরণ হ্রাস এবং টেকসই ও নবায়নযোগ্য জ্বালানীর উৎস তৈরি ও সংরক্ষণে সচেতন সমাজ গঠিত হলে পরিবেশ দূষণের প্রভাব এবং স্বাস্থ্যগত ঝুঁকির মাত্রা কমবে, যা ফলশ্রুতিতে দারিদ্র বিমোচন কার্যক্রমে সহায়ক হবে।

(২) **প্রকল্প এলাকা নির্ধারণের যৌক্তিকতাঃ**

প্রকল্পের মূল উপকারভোগী জাতীয় পর্যায়ের সংবাদপত্র, টিভি চ্যানেল এবং অনলাইন সংবাদমাধ্যমে কর্মরত ঢাকার সাংবাদিক এবং সিদ্ধান্তগ্রহীতাগণ ও জেলার সাংবাদিকগণ। প্রকল্পের আওতায় পরিকল্পিত প্রশিক্ষণ এবং সভা আয়োজনের উপযুক্ত ভেন্যু ও অন্যান্য সুবিধাদীর বিদ্যমান থাকায় ঢাকায় প্রকল্প এলাকা নির্ধারণ করা হয়েছে। পাশাপাশি এ বিষয়ক বিষয় বিশেষজ্ঞ সীমিত এবং তাদের অবস্থান রাজধানী কেন্দ্রিক। সেটিও প্রকল্প এলাকা ঢাকা নির্ধারণ করার আরেকটি কারণ।

(৩) **টেকসই উন্নয়ন অভীষ্টের (এসডিজি) সাথে সম্পৃক্ততাঃ**

| অভীষ্ট (Goal) | লক্ষ্যমাত্রা (Target) | বাজেট বরাদ্দ | যৌক্তিকতা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১৬ | টেকসই উন্নয়নের জন্য শান্তিপূর্ণ ও অর্ন্তভূক্তিমূলক সমাজ ব্যবস্থার প্রসার, সকলের জন্য ন্যায় ন্যায়বিচার প্রাপ্তির পথ সুগম করা এবং সকল স্তরে কার্যকর, জবাবদিহিমূলক ও অন্তর্ভূক্তিমূলক প্রতিষ্ঠান তৈরি | ১৬,৫৭৭,৫৮৩ | তথ্যের অবাধ এবং ধারাবাহিক প্রবাহ নিশ্চিত করার মধ্য দিয়ে একটি জবাবদিহিমূলক ও অন্তর্ভূক্তিমূলক সচেতন নাগরিক সমাজ গঠনে সংবাদমাধ্যমের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। এ কারণে সংবাদমাধ্যমকে গণতন্ত্রের চতুর্থ স্তম্ভ হিসাবে বিবেচনা করা হয়। জলবায়ু পরিবর্তন এবং নবায়নযোগ্য জ্বালানী ইস্যুতে প্রতিবেদন তৈরির ক্ষেত্রে সংবাদকর্মীদের দক্ষতা বৃদ্ধির মাধ্যমে টেকসই উন্নয়ন অভীষ্ট ১৬-এর লক্ষ্য অর্জনে কার্যকর ভূমিকা রাখবে। | |
| ১৩ | জলবায়ু পরিবর্তন এবং এর প্রভাব মোকাবেলায় জরুরি কর্মব্যবস্থা গ্রহণ। | | এই প্রকল্পের অধীনে পরিকল্পিত প্রশিক্ষণ থেকে প্রাপ্ত জ্ঞান সাংবাদিকদের জলবায়ু পরিবর্তন এবং নবায়নযোগ্য জ্বালানি নিয়ে গভীরতাধর্মী প্রতিবেদন প্রকাশে সহায়ক হবে। এই সকল প্রতিবেদন সরকারের জলবায়ু পরিবর্তন এবং এর প্রভাব মোকাবেলায় জরুরি কর্মব্যবস্থা গ্রহণে নহায়ক ভূমিকা পালন করবে। | |
| ৭ | সবার জন্য সাশ্রয়ী, নির্ভরযোগ্য, টেকসই এবং আধুনিক জ্বালানির প্রবেশাধিকার নিশ্চিত করা। | | ২০৩০ সালের মধ্যে নবায়নযোগ্য জ্বালানী, জ্বালানী দক্ষতা এবং উন্নততর ও নির্মলতর জীবাশ্ম জ্বালানী প্রযুক্তিসহ পরিচ্ছন্ন জ্বালানী গবেষণা ও প্রযুক্তিতে আন্তর্জাতিক সহযোগিতা বৃদ্ধি করা এবং জ্বালানী অবকাঠামো ও পরিচ্ছন্ন জ্বালানী প্রযুক্তিখাতে বিনিয়োগের পরিমাণ বৃদ্ধি টেকসই উন্নয়নের ৭.ক অভীষ্ট। এই প্রকল্পে গৃহীত কার্যক্রম এই লক্ষ্য অর্জনে সহায়ক হবে। | |



Media Resources Development Initiative (MRDI) 8/19 Sir Syed Road Block-A, Mohammadpur Dhaka-1207

গ. উদ্দেশ্যসমূহঃ.

বাংলাদেশে জ্বালানি রূপান্তরকে এগিয়ে নিতে নীতি-নির্ধারণী আলোচনায় সংবাদমাধ্যম, নাগরিক সমাজ এবং তরুণদের অংশগ্রহণ নিশ্চিত করা।

**ঘ. সুনির্দিষ্ট, পরিমাপযোগ্য, অর্জনযোগ্য যথার্থতা ও সময়োবদ্ধতার দৃষ্টিকোন থেকে লক্ষ্যমাত্রা ঃ**

(প্রকল্পের লক্ষ্যমাত্রা বছরভিত্তিক দেখাতে হবে)

| ক্রম | কার্যক্রমের নাম | লক্ষ্যমাত্রা (বছরভিত্তিক) | | অর্জনযোগ্য (%) | উপকারভোগীর সংখ্যা | মন্তব্য (যদি থাকে) |
|---|---|---|---|---|---|---|
| | | বাস্তব | আর্থিক | | | |
| ১. | ট্রেনিং কনটেন্ট ডেভেলপমেন্ট | ১টি কার্যক্রম | ১৫৩,৭৫০ | ১০০ | জাতীয় সংবাদমাধ্যমের ১০ জন সিদ্ধান্তগ্রহীতা | |
| ২. | মেন্টরশীপ ট্রেনিং অন ফলো দ্য মানি | ১টি প্রশিক্ষণ | ১,০৪৩,৩৩০ | ১০০ | জাতীয় বা স্থানীয় সংবাদমাধ্যমে কর্মরত ১২ জন সাংবাদিক | |
| ৩. | টু মানথ মেন্টরশীপ সাপোর্ট ফর বুটক্যাম্প পার্টিসিপেন্টস | ১টি কার্যক্রম | ১,০২৭,০০০ | ১০০ | জাতীয় বা স্থানীয় সংবাদমাধ্যমে কর্মরত ১২ জন সাংবাদিক | |
| ৪. | সেনসেটাইজেশন অফ নিউজরুম এডিটরস/ গেটকিপারস | ১টি কার্যক্রম | ৯০০,০০০ | ১০০ | জাতীয় সংবাদমাধ্যমের ১২ জন সিদ্ধান্তগ্রহীতা এবং বিষয় বিশেষজ্ঞ | |
| ৫. | ফেলোশিপ টু অ্যাটেন্ড গ্লোবাল কনফারেন্সেস | ১টি কার্যক্রম | ১,৯১০,০০০ | ১০০ | ৫ জন সাংবাদিক, সংবাদ সিদ্ধান্তগ্রহীতা এবং এমআরডিআই স্টাফ | |
| ৬. | টু ইনভেস্টিগেটিভ জার্নালিজম পার্টনারশিপ (আইজেপি) উইথ নিউজ আউটলেটস | ১টি কার্যক্রম | ৩,০৫০,০০০ | ১০০ | ২টি জাতীয় সংবাদমাধ্যম | |
| ৭. | নিউজ মিডিয়া মনিটরিং অ্যান্ড ওয়েব বেজড নলেজ হাব | ১টি কার্যক্রম | ৫৪,০০০ | ১০০ | সংবাদমাধ্যম, সাংবাদিক, সিভিল সোসাইটি অর্গানাইজেশন এবং গবেষণাকারী | |
| ৮. | রাউন্ডটেবিল, সাপলিমেন্ট, পলিসি ডায়লগ, টক শো'স আন্ডার আইজেপি'স | ১টি কার্যক্রম | ১,৪০০,০০০ | ১০০ | ২টি জাতীয় সংবাদমাধ্যম, সাংবাদিক, সিভিল সোসাইটি অর্গানাইজেশন, নীতি-নির্ধারক, গবেষণাকারী এবং জনগন | |
| ৯. | টেনিং, ডেভেলপমেন্ট এন্ড আদার এক্সপেন্সেস সাপোর্টিং দা প্রজেক্ট | ১টি কার্যক্রম | ৫০০,০০০ | ১০০ | এমআরডিআই | |
| ১০. | অডিট | ১টি কার্যক্রম | ১০০,০০০ | ১০০ | এমআরডিআই, প্রকল্পের উপকারভোগী এবং দাতাসংস্থা | |

**মোট উপকারভোগীর সংখ্যা**- সংবাদ সিদ্ধান্তগ্রহীতা, জেলা প্রতিনিধি, জাতীয় সংবাদমাধ্যমে কর্মরত সাংবাদিক, সাংবাদিক, দাতাসংস্থা ও এমআরডিআই স্টাফসহ ২৭ জন, ১০টি জাতীয় সংবাদমাধ্যম এবং ২ জন বিষয় বিশেষজ্ঞ।

**ঙ. প্রত্যাশিত ফলাফল (প্রত্যেক ফলাফল গুনবাচক, সংখ্যাবাচক এবং সময়ের (*QQT*) ভিত্তিতে নির্দিষ্ট করতে হবে) ঃ**

| কার্যক্রমের নাম | গুনবাচক | সংখ্যাবাচক | সময়কাল |
|---|---|---|---|
| ট্রেনিং কনটেন্ট ডেভেলপমেন্ট | জলবায়ু পরিবর্তন এবং নবায়নযোগ্য জ্বালানী বিষয়ক প্রতিবেদনের গুণগত মানোন্নয়নে | জাতীয় সংবাদমাধ্যমের ১০ জন সিদ্ধান্তগ্রহীতা | ১ম ও ২য় মাস |



Media Resources Development Initiative (MRDI) 8/15 Sir Syed Road Block-A, Mohammadpur Dhaka-1207

| কার্যক্রমের নাম | গুনবাচক | সংখ্যাবাচক | সময়কাল |
|---|---|---|---|
| | সাংবাদিকদের জন্য তিনদিনের আবাসিক প্রশিক্ষণের বিষয়বস্তু চুড়ান্ত করা হবে। | | |
| মেন্টরশীপ ট্রেনিং অন ফলো দ্য মানি | প্রশিক্ষণে অংশগ্রহণের মাধ্যমে প্রশিক্ষণার্থী সাংবাদিকরা জলবায়ু পরিবর্তন এবং নবায়নযোগ্য জ্বালানী বিষয়ক গুণগত মানসম্পন্ন প্রতিবেদনের বিষয়ে জ্ঞান অর্জণ করবেন। | জাতীয় বা স্থানীয় সংবাদমাধ্যমে কর্মরত ১২ জন সাংবাদিক | ২য় ও ৩য় মাস |
| টু মানথ মেন্টরশীপ সাপোর্ট ফর বুটক্যাম্প পার্টিসিপেন্টস | নির্বাচিত সাংবাদিকগণ সুনির্দিষ্ট মেন্টরের নিবিড় তত্ত্বাবধানে প্রতিবেদন তৈরির কাজ করবেন যা তাদের প্রতিবেদন প্রনয়ন সংক্রান্ত ব্যবহারিক দক্ষতা বৃদ্ধিতে সহায়ক হবে। | জাতীয় বা স্থানীয় সংবাদমাধ্যমে কর্মরত ১২ জন সাংবাদিক | ৩য় থেকে ৫ম মাস |
| সেনসেটাইজেশন অফ নিউজরুম এডিটরস/ গেটকিপারস | জলবায়ু পরিবর্তন এবং নবায়নযোগ্য জ্বালানী ইস্যুতে সংবাদমাধ্যমের ভূমিকাকে শক্তিশালী করার ক্ষেত্রে এবং নীতি-নির্ধারণী পর্যায়ে আলোচনার ক্ষেত্র তৈরিতে সংবাদমাধ্যম সম্পাদক এবং সিদ্ধান্তগ্রহীতাদের সমর্থন আদায় ও ইতিবাচক মানসিকতা তৈরিতে কার্যকর অবদান রাখবে। | জাতীয় সংবাদমাধ্যমের ১২ জন সিদ্ধান্তগ্রহীতা এবং বিষয় বিশেষজ্ঞ | ৬ষ্ঠ থেকে ৭ম মাস |
| ফেলোশিপ টু অ্যাটেন্ড গ্লোবাল কনফারেন্সেস | বৈশ্বিক কনফারেন্সে অংশগ্রহণের মাধ্যমে সাংবাদিক, সংবাদমাধ্যম সিদ্ধান্তগ্রহীতা এবং এমআরডিআই কর্মীরা পরিবেশ, জলবায়ু পরিবর্তন, জ্বালানি এবং অনুসন্ধানী সাংবাদিকতা নিয়ে জ্ঞান লাভ করবেন যা তাদের সাংবাদিকতা এবং প্রকল্প সংক্রান্ত কার্যক্রমে সহায়ক হবে। | ৫ জন সাংবাদিক, সংবাদ সিদ্ধান্তগ্রহীতা এবং এমআরডিআই স্টাফ | ৫ম থেকে ৭ম মাস |
| টু ইনভেস্টিগেটিভ জার্নালিজম পার্টনারশিপ (আইজেপি) উইথ নিউজ আউটলেটস | জলবায়ু পরিবর্তন এবং নবায়নযোগ্য জ্বালানি বিষয়ক অনুসন্ধানী প্রতিবেদন তৈরীতে দুইটি সংবাদমাধ্যম ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সংবাদকর্মীদের মানোন্নয়ন, দক্ষতা বৃদ্ধি এবং পরিকল্পিত প্রতিবেদনের গুনগতমান উন্নয়ন হবে। | ২টি জাতীয় সংবাদমাধ্যম | ২য় থেকে ১২তম মাস |
| নিউজ মিডিয়া মনিটরিং অ্যান্ড ওয়েব বেজড নলেজ হাব | নবায়নযোগ্য জ্বালানি নিয়ে নির্বাচিত গনমাধ্যমে প্রকাশিত প্রতিবেদন, সম্পাদকীয়, উপ-সম্পাদকীয়ম মতামত, এবং সাক্ষাতকার নিয়মিত মনিটরিং করা হবে এবং কিভাবে তা উপস্থাপিত হচ্ছে তা খুঁজে দেখা হবে। সাংবাদিক এবং স্টেকহোল্ডারদের জন্য নবায়নযোগ্য জ্বালানি সংক্রান্ত তথ্যের গুরুত্বপূর্ণ উৎস হিসেবে এই প্রতিবেদনসমূহ এমআরডিআই ওয়েবসাইটে সংরক্ষন করা হবে। পাশাপাশি জ্বালানি এবং নবায়নযোগ্য জ্বালানি নিয়ে সরকারি সংস্থা, জাতীয় এবং আর্ন্তজাতিক সংস্থা, গবেষণা প্রতিষ্ঠান, জ্বালানি কোম্পানি এবং উৎপাদন বিষয়ক প্রতিষ্ঠান দ্বারা প্রকাশিত ওপেন ডাটা এবং রিসোর্সেস এমআরডিআই ওয়েবসাইটের ওপেন ডাটা পোর্টালে নিয়মিত যুক্ত করা হবে যা সাংবাদিক | সংবাদমাধ্যম, সাংবাদিক, সিভিল সোসাইটি অর্গানাইজেশন এবং গবেষণাকারী | ১ম থেকে ১২তম মাস |



Media Resources Development Initiative (MRDI) ★ 8/19 Sir Syed Road Block-A, Mohammadpur Dhaka-1207

| কার্যক্রমের নাম | গুনবাচক | সংখ্যাবাচক | সময়কাল |
|---|---|---|---|
| | এবং অন্যান্য স্টেকহোল্ডারদের জন্য বিভিন্ন কার্যকমে সহায়ক হবে। | | |
| রাউন্ডটেবিল, সাপলিমেন্ট, পলিসি ডায়লগ, টক শো'স আন্ডার আইজেপি'স | জ্বালানি রূপান্তরের প্রয়োজনীয়তা নিয়ে বিশেষ আলোচনা অনুষ্ঠান, টকশো, মতামতভিত্তিক প্রতিবেদন ও সংশ্লিষ্ট বিষয়ে রাউন্ডটেবিল/নীতি সংলাপ সংশ্লিষ্ট খাতের বিশেষজ্ঞদের এবং জনগণকে এ বিষয়ে আরও সংবেদনশীল করে তুলবে। | ২টি জাতীয় সংবাদমাধ্যম, সাংবাদিক, সিভিল সোসাইটি অর্গানাইজেশন, নীতি-নির্ধারিক, গবেষণাকারী এবং জনগন | ২য় থেকে ১২তম মাস |
| ট্রেনিং, ডেভেলপমেন্ট এন্ড আদার এক্সপেন্সেস সাপোর্টিং দা প্রজেক্ট | সংগঠন হিসেবে এমআরডিআই- এর টেকসই উন্নয়ন নিশ্চিতে সহায়ক হবে। | এমআরডিআই | ১ম থেকে ১২তম মাস |
| অডিট | প্রকল্পের আয়-ব্যয়ের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হবে। | এমআরডিআই, প্রকল্পের উপকারভোগী এবং দাতাসংস্থা | ১৫ আগষ্ট ২০২৬ |

*(উপরে বর্ণিত ফলাফলের ভিত্তিতে প্রতিটি প্রধান কার্যক্রম বর্ণনা করতে হবে। যে কার্যক্রম উপরে বর্ণিত ফলাফল অর্জনে সহায়ক নয়, সে কার্যক্রম গ্রহণযোগ্য হবে না। উপকারভোগীর সংখ্যা প্রত্যক্ষ হতে হবে, পরোক্ষ নয়।)

**৭. জেলাওয়ারী বিস্তারিত কর্মকান্ড (যতগুলো জেলায় কর্মকান্ড বাস্তবায়িত হবে একই ছক ব্যবহার করে প্রত্যেক জেলার তথ্য পর পর প্রদান করতে হবে)**

| ক্র: নং | জেলা/সিটি/ পৌর-কর্পোরেশন | উপজেলা/ থানা/ পৌরসভা/ ওয়ার্ড | কার্যক্রমসমূহ | প্রকল্প সময় | লক্ষ্যমাত্রা (বছরভিত্তিক) | | মোট বাজেট | মন্তব্য (যেখানে প্রযোজ্য) |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | বাস্তব | আর্থিক | | |
| ১ | ঢাকা | ঢাকা সিটি | দফা ৬(ঙ)-এ বর্ণিত সকল কার্যক্রম | (০১ জুলাই ২০২৫ থেকে ৩০ জুন ২০২৬) | | ১০০% | ১৬,৫৭৭,৫৮৩ | |

**৮. প্রকল্প ব্যবস্থাপনা:**

**ক. প্রত্যেক প্রধান কার্যক্রম বাস্তবায়ন পদ্ধতি অতি সংক্ষেপে বর্ণনা করুন:**

১. **ট্রেনিং কনটেন্ট ডেভেলপমেন্ট:** জলবায়ু পরিবর্তন এবং নবায়নযোগ্য জ্বালানী বিষয়ক প্রতিবেদনের গুণগত মানোন্নয়নে সাংবাদিকদের জন্য তিনদিনের বুটক্যাম্প আয়োজনের পূর্বে প্রশিক্ষণের বিষয়বস্তু নির্ধারণের জন্য একটি সভা অনুষ্ঠিত হবে। জাতীয় সংবাদমাধ্যমের ১০ জন সিদ্ধান্তগ্রহীতা সভায় অংশগ্রহণ করবেন। উক্ত বিষয় এবং সাংবাদিকতা বিষয়ে গভীর জ্ঞান এবং সাংবাদিকদের দক্ষতা উন্নয়ণ কার্যক্রম পরিচালনার পূর্ব অভিজ্ঞতা সম্পন্ন তিন সদস্যের একটি বিশেষজ্ঞ দল বুটক্যাম্পের খসড়া বিষয়বস্তু তৈরি এবং সভায় উপস্থাপন করবেন। সভার আলোচনার মধ্য দিয়ে বুটক্যাম্পের বিষয়বস্তু এবং রিসোর্স পারসন চূড়ান্ত করা হবে। বুটক্যাম্প পরবর্তী সময়ে এই বিশেষজ্ঞ দল প্রশিক্ষণার্থীদের মধ্যে মেন্টরশিপ কার্যক্রম পরিচালনা করবেন।

২. **মেন্টরশীপ ট্রেনিং অন ফলো দ্য মানি:** জ্বালানি রূপান্তর বিষয়ে অনুসন্ধানী ও গভীরতাধর্মী প্রতিবেদন তৈরিতে 'ফলো-দ্য-মানি' কৌশল বিষয়ক তিন দিনের একটি বুটক্যাম্পের আয়োজন করা হবে। উন্মুক্ত কলের মাধ্যমে আহবানকৃত আবেদন ও প্রস্তাবনার বিবেচনায় সংবাদমাধ্যম সম্পাদক কর্তৃক মনোনিত জাতীয় ও স্থানীয় সংবাদমাধ্যমের মোট ১২ জন তরুণ সাংবাদিক ও জেলা প্রতিনিধিগণ এ প্রশিক্ষণে অংশ নিবেন। অংশগ্রহণমূলক শিখণ প্রক্রিয়ার মধ্য দিয়ে প্রশিক্ষণার্থীরা বিষয়সংশ্লিষ্ট জ্ঞান অর্জণ এবং ভবিষতে প্রতিবেদন তৈরিতে সেটি ব্যবহারের দক্ষতা অর্জণ করবেন।

৩. **টু মানথ মেন্টরশীপ সাপোর্ট ফর বুটক্যাম্প পার্টিসিপেন্টস:** প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থীরা মেন্টরশিপ প্রোগ্রামের জন্য তাদের প্রতিবেদন পরিকল্পনা জমা দিবেন। অংশগ্রহণকারীদের জমাকৃত প্রতিবেদন পরিকল্পনা অনুযায়ী ১২ জন সাংবাদিককেই পরবর্তী ২ মাসের মেন্টরশিপ প্রোগ্রামের জন্য নির্বাচন করা হবে। এই সময়কালে প্রশিক্ষণে প্রাপ্ত জ্ঞান ও



Media Resources Development Initiative (MRDI) 8/18 Sir Syed Road Block-A, Mohammadpur Dhaka-1207

দক্ষতাকে কাজে লাগিয়ে এবং মেন্টরদের নিবিড় তত্ত্বধানে গভীরতাধর্মী ও অনুসন্ধানী প্রতিবেদন তৈরির জন্য কাজ করবেন প্রশিক্ষনার্থীরা।

৪. **সেনসেটাইজেশন অফ নিউজরুম এডিটরস/ গেটকিপারসঃ** জলবায়ু পরিবর্তন এবং নবায়নযোগ্য জ্বালানী বিষয়ে ইস্যুতে সংবাদমাধ্যমের ভূমিকাকে শক্তিশালী করার ক্ষেত্রে এবং নীতি-নির্ধারণী পর্যায়ে আলোচনার ক্ষেত্র তৈরিতে সংবাদমাধ্যম সম্পাদক এবং সিদ্ধান্তগ্রহীতাদের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। এ বিষয়ে সংবাদমাধ্যম সম্পাদক এবং সিদ্ধান্তগ্রহীতাদের সমর্থন আদায় ও ইতিবাচক মানসিকতা তৈরির লক্ষ্যে ঢাকার বাইরে ৩দিনের একটি সফর আয়োজন করা হবে যেখানে বিষয় বিশেষজ্ঞবৃন্দ তাদের অভিজ্ঞতা বিনিময় করবেন যা সংবাদমাধ্যমের মধ্যে উক্ত বিষয়ে ইতিবাচক মানসিকতা আদায়ে সহায়ক হবে।

৫. **ফেলোশিপ টু অ্যাটেন্ড গ্লোবাল কনফারেন্সেসঃ** উক্ত কার্যক্রমের মাধ্যমে সাংবাদিকদের একটি প্রতিনিধিদলকে জাতিসংঘ জলবায়ু পরিবর্তন সম্মেলন অথবা গ্লোবাল ইনভেস্টিগেটিভ জার্নালিজম কনফারেন্স এর মতো আন্তর্জাতিক সম্মেলনে অংশগ্রহণের সুযোগ দেয়া হবে। এসব সম্মেলনের মাধ্যমে সাংবাদিকরা প্রতিবেদন তৈরির সর্বশেষ উন্নয়ন, নতুন টুলস ও কৌশল সম্পর্কে জানার সুযোগ পাবেন, কর্মশালা ও বিস্তৃত নেটওয়ার্কিং সেশনে অংশ নিতে পারবেন। পাঁচ সদস্যবিশিষ্ট একটি প্রতিনিধিদল গঠিত হবে যার মধ্যে এমআরডিআই-এর টিম সদস্যরাও থাকবেন।

৬. **টু ইনভেস্টিগেটিভ জার্নালিজম পার্টনারশিপ (আইজেপি) উইথ নিউজ আউটলেটসঃ** জলবায়ু পরিবর্তন এবং নবায়নযোগ্য জ্বালানি বিষয়ক অনুসন্ধানী প্রতিবেদন তৈরীতে দুইটি সংবাদমাধ্যমের সাথে চুক্তির অধীনে ক্যাপাসিটি বিল্ডিং কার্যক্রম গ্রহন করা হবে। পার্টনারশিপ চুক্তি সম্পাদনকারী সংবাদমাধ্যম ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সংবাদকর্মীদের মানোন্নয়ন, দক্ষতা বৃদ্ধি এবং পরিকল্পিত প্রতিবেদন প্রকাশের জন্য সকল প্রকার আর্থিক ও কারিগরী সহায়তা প্রদান করা হবে। আগ্রহ, সক্ষমতা এবং পাঠকের আস্থা ইত্যাদি বিবেচনায় সংবাদমাধ্যম নির্বাচন করা হবে।

৭. **নিউজ মিডিয়া মনিটরিং অ্যান্ড ওয়েব বেজড নলেজ হাবঃ** জ্বালানি নিয়ে নির্বাচিত গনমাধ্যমে প্রকাশিত প্রতিবেদন, সম্পাদকীয়, উপ-সম্পাদকীয়ম মতামত, এবং সাক্ষাতকার নিয়মিত মনিটরিং করা হবে এবং কিভাবে তা উপস্থাপিত হচ্ছে তা খুঁজে দেখা হবে। তারা ক্লাইমেটের সাথে আলোচনার মাধ্যমে সংবাদমাধ্যমের নাম এবং কি মনিটর করা হবে তা ঠিক করা হবে। সাংবাদিক এবং স্টেকহোল্ডারদের জন্য নবায়নযোগ্য জ্বালানি সংক্রান্ত তথ্যের গুরুত্বপূর্ণ উৎস হিসেবে এই প্রতিবেদনসমূহ এমআরডিআই ওয়েবসাইটে সংরক্ষন করা হবে। প্রয়োজনে প্রকাশিত প্রতিবেদনের গুনগতমান এবং ট্রেন্ড যাচাই করা হবে। পাশাপাশি জ্বালানি এবং নবায়নযোগ্য জ্বালানি নিয়ে সরকারি সংস্থা, জাতীয় এবং আর্ন্তজাতিক সংস্থা, গবেষণা প্রতিষ্ঠান, জ্বালানি কোম্পানি এবং উৎপাদন বিষয়ক প্রতিষ্ঠান দ্বারা প্রকাশিত ওপেন ডাটা এবং রিসোর্সেস এমআরডিআই ওয়েবসাইটের ওপেন ডাটা পোর্টালে নিয়মিত যুক্ত করা হবে। এছাড়াও নবায়নযোগ্য জ্বালানি নিয়ে সাংবাদিকদের দক্ষতা বাড়াতে তারা ক্লাইমেটের অন্যান্য পার্টনার সংস্থা দ্বারা প্রকাশিত গবেষণা এবং স্টাডি এখানে প্রকাশ করা হবে। এই পোর্টাল সাংবাদিক এবং অন্যান্য স্টেকহোল্ডারদের জন্য সহায়ক হবে।

৮. **রাউন্ডটেবিল, সাপলিমেন্ট, পলিসি ডায়লগ, টক শো'স আন্ডার আইজেপি'সঃ** প্রকল্পের অধীনে স্বাক্ষরিত ইনভেস্টিগেটিভ জার্নালিজম পার্টনারশিপ কার্যক্রমের আওতায় প্রস্তুতকৃত প্রতিবেদনসমূহের ভিত্তিতে টেলিভিশন চ্যানেলগুলো জ্বালানি রূপান্তরের প্রয়োজনীয়তা নিয়ে বিশেষ আলোচনা অনুষ্ঠান ও টকশো আয়োজন করবে এবং পত্রিকাগুলো মতামতভিত্তিক লেখা প্রকাশ ও সংশ্লিষ্ট বিষয়ে রাউন্ডটেবিল/নীতি সংলাপ আয়োজন করবে। এসব উদ্যোগে সংশ্লিষ্ট খাতের বিশেষজ্ঞদের একত্রিত করে জ্বালানি রূপান্তর বিষয়ে আলোচনা করা হবে, যা জনগণকে এ বিষয়ে আরও সংবেদনশীল করে তুলবে এবং রাজনৈতিক দলগুলোর নির্বাচনি ইশতেহারে জ্বালানি রূপান্তরকে একটি গুরুত্বপূর্ণ অগ্রাধিকার হিসেবে অন্তর্ভুক্ত করতে সহায়তা করবে।

৯. **ট্রেনিং, ডেভেলপমেন্ট এন্ড আদার এক্সপেন্সেস সাপোর্টিং দা প্রজেক্টঃ** সংগঠন হিসেবে এমআরডিআই- এর টেকসই উন্নয়ন নিশ্চিতে প্রয়োজন অনুসারে কার্যক্রম বাস্তবায়ন করা হবে। পাশাপাশি প্রতিবছর এমআরডিআই-এর কৌশলগত পরিকল্পনার অগ্রগতি পর্যালোচনা কর্মশালা আয়োজন করা হবে। এছাড়াও উক্ত প্রকল্প পরিচালনার ক্ষেত্রে যদি কোন ধরনের আর্থিক সীমাবদ্ধতার উদ্ভব হয় সেক্ষেত্রে এই কার্যক্রমের আওতায় দাতা সংস্থার অনুমোদনক্রমে সংগঠনের ব্যয় নির্বাহ করা হবে।



Media Resources Development Initiative (MRDI) ★ 8/19 Sir Syed Road Block-A, Mohammadpur Dhaka-1207

১০. **অডিটঃ** প্রকল্পের নির্ধারিত কার্যক্রম সমাপ্তির পর এনজিও ব্যুরোর তালিকাভুক্ত অডিট ফার্মসমূহের মধ্য থেকে যে কোন একটি ফার্ম নিয়োগ কওে প্রকল্পের বার্ষিক এক্সটারনাল অডিট সম্পন্ন করা হবে এবং নির্ধারিত সময়ের মধ্যে এনজিও ব্যুরোতে চুড়ান্ত প্রতিবেদন দাখিল করা হবে।

খ. প্রকল্পটি সহযোগী এনজিও'র মাধ্যমে বাস্তবায়িত হবে কিনা, হলে সংলগ্নী-'ক' মোতাবেক প্রত্যেক সহযোগী এনজিওর তথ্য দিতে হবে **(প্রযোজ্য নহে)**

গ. সংলগ্নী 'খ'-তে প্রকল্পের কর্মকর্তা/কর্মচারীদের বিস্তারিত বিবরণ (দেশি ও বিদেশি উভয়ের জন্য প্রযোজ্য) দাখিল করতে হবে।

ঘ. নির্মাণ সংক্রান্ত বিস্তারিত তথ্য সংলগ্নী 'গ'-তে প্রদান করতে হবে। **(প্রযোজ্য নহে)**

ঙ. আর্থিক খাত/উপখাত ভিত্তিক বরাদ্দ সংলগ্নী 'ঘ'-তে প্রদান করতে হবে।

চ. **প্রকল্পটি সমাপ্তির পর প্রকল্পটি কিভাবে টিকে থাকবে ও পরিচালিত হবে উল্লেখ করতে হবে**
সাংবাদিকদের দক্ষতা উন্নয়নের লক্ষ্যে প্রকল্পের আওতায় আয়োজিত প্রশিক্ষণ, মেন্টরশীপ, ফেলোশিপ, সংবাদমাধ্যম সম্পাদক এবং সিদ্ধান্তগ্রহীতাদের সাথে বিষয় বিশেষজ্ঞের সাথে মতবিনিময়, ইনভেস্টিগেটিভ জার্নালিজম পার্টনারশিপের মাধ্যমে অর্জিত জ্ঞান প্রকল্পকালীন এবং প্রকল্প পরবর্তী সময়ে সাংবাদিক এবং সংবাদমাধ্যমের কাজে আসবে। পাশাপাশি প্রকল্পের আওতায় পরিচালিত নিউজ মিডিয়া মনিটরিং এবং ওয়েব বেজড নলেজ হাবে সংরক্ষিত তথ্যাদি পরবর্তী সময়ে এনার্জি ট্রানজিশন বিষয়ক গবেষণা কার্যক্রমে তথ্যের গুরুত্বপূর্ণ উৎস হিসাবে ব্যবহৃত হবে। রাউন্ডটেবিল, সাপলিমেন্ট, পলিসি ডায়লগ এবং টক শো এর কনটেন্ট অনলাইনে থাকবে যা জনগণকে এ বিষয়ে আরও সংবেদনশীল করে তুলবে ভবিষ্যতেও।

৯. সুশাসন ও স্বচ্ছতা :

ক. **প্রকল্পটি এলাকার জনগণ ও সংশ্লিষ্ট সরকারী ও বেসরকারী ব্যক্তিবর্গের সাথে পরামর্শক্রমে কিংবা মাঠ জরিপের মাধ্যমে প্রণয়ন করা হয়েছে কিনা, হলে সংক্ষিপ্ত বর্ণনা (প্রমানক):**
বাংলাদেশে জ্বালানি রূপান্তরকে এগিয়ে নিতে নীতি-নির্ধারণী আলোচনায় সংবাদমাধ্যম, নাগরিক সমাজ এবং তরুণদের অংশগ্রহণ নিশ্চিত করাই এ প্রকল্পের মূল উদ্দেশ্য। বৈশ্বয়িক উষ্ণতা নিয়ন্ত্রণ, প্রাকৃতিক বিপর্যয়ের ঝুঁকি হ্রাস এবং জ্বালানি নিরাপত্তার প্রয়োজনে জীবাশ্ম জ্বালানির উপর নির্ভরশীলতা ক্রমান্বয়ে হ্রাস করে নবায়নযোগ্য জ্বালানির প্রসার, জ্বালানি সংরক্ষণ ও এর দক্ষ ব্যবহার নিশ্চিত করার সরকারি উদ্যোগে এই প্রকল্পের কার্যক্রম সহায়ক ভুমিকা রাখবে। প্রকল্পটির কার্যক্রম তৈরিতে বিশিষ্ট সাংবাদিক ও সাংবাদিকদের পেশাগত প্রতিষ্ঠান বাংলাদেশ ফেডারেল ইউনিয়ন অব জার্নালিস্টস (বিএফইউজে) এর সাবেক সভাপতি এবং বিশ্ববিদ্যলয়ের শিক্ষকগণের সহায়তা গ্রহণ করা হয়েছে।

খ. অন্যান্য এনজিও এবং সরকারী চলমান কর্মকান্ড (যদি থাকে) বিবেচনান্তে কাজ ও কর্মএলাকার দ্বৈততা এড়ানোর কি কি ব্যবস্থা গৃহীত হয়েছে উল্লেখ করুন:

আমাদের জানামাতে এধরণের কোনো কার্যক্রম কোনো সংস্থা দ্বারা বাস্তবায়ন হচ্ছে না। সরকারিভাবে এই প্রকল্পটির দ্বৈততা হবার কোন সম্ভাবনা নেই।

গ. এ প্রকল্পটি বা একই ধরণের প্রকল্প ইতিপূর্বে দাখিল করা হয়েছিল কিনা এবং সরকার কর্তৃক তা অননুমোদিত বা পরবর্তিতে বাতিল করা হয়েছিল কিনা ঃ **প্রযোজ্য নয়**

ঘ. **সংস্থা স্বেচ্ছায় বা তথ্য অধিকার আইনের কারণে নিম্নবর্ণিত তথ্যাবলী জনসম্মুখে প্রকাশ করতে ইচ্ছুক কিনা (ডিসক্লোজার পলিসি)**

| ক্রমিক নং | তথ্যাবলী | হ্যাঁ | না |
|---|---|---|---|
| ১. | প্রকল্প ছক ৮নং ফরমে | √ | |
| ২. | নিরীক্ষা প্রতিবেদন | √ | |
| ৩. | বার্ষিক প্রতিবেদন | √ | |
| ৪. | প্রত্যেক কর্মএলাকার বাজেটসহ কর্মপরিকল্পনা | √ | |
| ৫. | উপকারভোগীদের ডাটাবেইজ | √ | |
| ৬. | প্রকল্পের বিস্তারিত ফলাফল | √ | |
| ৭. | অভিযোগ বহি ও অভিযোগ নিষ্পত্তি | √ | |



Media Resources Development Initiative (MRDI) ★ 8/13 Sir Syed Road Block-A, Mohammadpur Dhaka-1207

ঙ. RTI বিষয়ক তথ্যাদি:

ক. ফোকাল পয়েন্টের নাম, মোবাইল, ইমেইল নম্বরসহ:
নাম: আক্তারুন নাহার, মোবাইল নম্বর: ০১৫৫২৩০১৩৭২, ইমেইল: aktarun.naher@mrdibd.org

খ. তথ্য অধিকার বিষয়ক অনলাইন প্রশিক্ষন রয়েছে কিনা? করে থাকলে কার প্রমাণক:
প্রশিক্ষণ রয়েছে। সনদপত্র সংযুক্ত

**১০. প্রকল্পটি ইতিপূর্বে সমাপ্ত কোন প্রকল্পের সম্প্রসারিত বা নতুন ফেইজ কিনা, হলে নিচের তথ্যসমূহ প্রদান করতে হবে ঃ**

ক. সংলগ্নী-'ঙ' তে পূর্বের প্রকল্পের লক্ষ্যমাত্রা ও অর্জন উল্লেখ করতে হবে
**প্রযোজ্য নহে**

খ. প্রকল্পটি নিরীক্ষিত কিনা, হলে কত তারিখে নিরীক্ষা প্রতিবেদন দাখিল ও গ্রহণ করা হয়েছে (নিরীক্ষা প্রতিবেদন গৃহীত হওয়ার প্রমাণসহ):
**প্রযোজ্য নহে**

গ. সম্প্রসারিত প্রকল্প/নতুন ফেইজ প্রকল্প গ্রহণের কারণসমূহ
**প্রযোজ্য নহে**



Media Resources Development Initiative (MRDI) 8/15 Sir Syed Road Block-A, Mohammadpur Dhaka-1207

১১. বিস্তারিত বাজেট বিবরণ

| ক্রমিক নং | বিবরণ | | মোট প্রস্তাবিত ব্যয় প্রকল্প বর্ষ-১ (০১ জুলাই ২০২৫ থেকে ৩০ জুন ২০২৬) | | |
|---|---|---|---|---|---|
| | | | পরিমাণ | একক মূল্য | বাংলাদেশী টাকা |
| ১ | পার্সোনেল স্যালারিজ অ্যান্ড ওয়েজেস | | | | |
| ১.১ | স্যালারিজ অফ প্রোগ্রাম পার্সোনেল | | | | |
| ১.১.১ | টিম লিডার-এমআরডিআই ইডি (১৫% ওয়ার্কিং টাইম) | ১ জন x ১৩ মাস ( ২টি উৎসব ভাতা সহ) | ১৩ | ৯২,৪৭৫ | ১,২০২,১৭৩ |
| ১.১.২ | প্রোগ্রাম কো-অর্ডিনেটর-১ (ফুলটাইম) | ১ জন x ১৩ মাস ( ২টি উৎসব ভাতা সহ) | ১৩ | ১১৯,৩০৭ | ১,৫৫০,৯৯২ |
| ১.১.৩ | প্রোগ্রাম অফিসার ওয়েব বেজড নলেজ হাব (ফুলটাইম) | ১ জন x ১৩ মাস ( ২টি উৎসব ভাতা সহ) | ১৩ | ৭০,০০০ | ৯১০,০০০ |
| ১.১.৪ | প্রোগ্রাম কো-অর্ডিনেটর-২ (৩৫% ওয়ার্কিং টাইম) | ১ জন x ১৩ মাস ( ২টি উৎসব ভাতা সহ) | ১৩ | ৩৩,৮৭৪ | ৪৪০,৩৬২ |
| | প্রাক মোট | | | | ৪,১০৩,৫২৭ |
| ১.২ | স্যালারিজ অফ অ্যাডমিনিস্ট্রেটিভ পার্সোনেল | | | | |
| ১.২.১ | ফিন্যান্স কো-অর্ডিনেটর (৫০% ওয়ার্কিং টাইম) | ১ জন x ১৩ মাস ( ২টি উৎসব ভাতা সহ) | ১৩ | ৫০,৯৮৩ | ৬৬২,৭৮০ |
| | প্রাক মোট | | | | ৬৬২,৭৮০ |
| | মোট (১) | | | | ৪,৭৬৬,৩০৭ |
| | কনফারেন্সেস, ওয়ার্কশপস, সেমিনারস, এন্ড মিটিংস রিলেটেড টু দি প্রজেক্ট | | | | |
| ২ | মেন্টরশীপ ট্রেনিং অন ফলো দ্য মানি | | | | |
| ২.১ | ট্রেনিং কনটেন্ট ডেভলপমেন্ট | | | | |
| ২.১.১ | অনারারিয়াম ফর ইস্যু এক্সপার্টস | ৩ জন x ৫ দিন | ১৫ | ৫,০০০ | ৭৫,০০০ |
| ২.১.২ | ভেন্যু অ্যান্ড ইকুইপমেন্ট (এমআরডিআই কনফারেন্স রুম) | ১ মিটিং | ১ | ১০,০০০ | ১০,০০০ |
| ২.১.৩ | অনারারিয়াম ফর এক্সপার্টস | ১০ জন | ১০ | ৫,০০০ | ৫০,০০০ |
| ২.১.৪ | ফুড অ্যান্ড রিফ্রেশমেন্ট | ১৫ জন | ১৫ | ৫০০ | ৭,৫০০ |
| ২.১.৫ | ইনফরমেশন কিট (ফোল্ডার/ব্যাগ, রাইটিং প্যাড, পেন অ্যান্ড ইনফরমেশন ম্যাটেরিয়াল) | ১৫ সেট | ১৫ | ৭৫০ | ১১,২৫০ |
| | প্রাক মোট | | | | ১৫৩,৭৫০ |
| ২.২ | মেন্টরশীপ ট্রেনিং অন ফলো দ্য মানি | | | | |
| ২.২.১ | অনারারিয়াম ফর ফ্যাসিলিটেটরস | ৩ জন X ৩ দিন | ৯ | ২৫০০০ | ২২৫,০০০ |
| ২.২.২ | অনারারিয়াম ফর রিসোর্স পারসনস | ৩ জন X ৩ দিন | ৯ | ৭৫০০ | ৬৭,৫০০ |
| ২.২.৩ | ট্রান্সপোর্টেশন ফর ফ্যাসিলিটেটর, রিসোর্স পারসনস, প্রোগ্রাম স্টাফস (গাড়িভাড়া, জ্বালানী, ড্রাইভার ভাতা, টোল) | ১ গাড়ি X ৩ দিন | ৩ | ৭০০০ | ২১,০০০ |
| ২.২.৪ | ট্রান্সপোর্টেশন ফর পার্টিসিপেন্টস (গাড়িভাড়া, জ্বালানী, ড্রাইভার ভাতা, টোল) | ২ গাড়ি X ২ দিন | ৪ | ৭০০০ | ২৮,০০০ |
| ২.২.৫ | ইনফরমেশন কিট (ফোল্ডার/ব্যাগ, রাইটিং প্যাড, পেন অ্যান্ড ইনফরমেশন ম্যাটেরিয়াল) | ১৭ সেট | ১৭ | ২৫০০ | ৪২,৫০০ |
| ২.২.৬ | ভেন্যু (উইথ সাউন্ড সিস্টেম এন্ড আদার ফ্যাসিলিটিজ, হোপ ফাউন্ডেশন, সাভার) | ৩ দিন | ৩ | ২৫০০০ | ৭৫,০০০ |
| ২.২.৭ | ফুড ফর পার্টিসিপেন্টস (ব্রেকফাস্ট, ২ টি - স্ন্যাকস, লাঞ্চ অ্যান্ড ডিনার) | ২১ জন X ৩ দিন | ৬৩ | ৩২০০ | ২০১,৬০০ |
| ২.২.৮ | অ্যাকোমোডেশন (হোপ ফাউন্ডেশন, সাভার) | ২১ রুম X ৩ রাত | ৬৩ | ২৫০০ | ১৫৭,৫০০ |
| ২.২.৯ | ইনসিডেন্টাল কস্ট ফর আউটসাইড ঢাকা পার্টিসিপেন্টস | ১২ জন X ৩ দিন | ৩৬ | ২,০০০ | ৭২,০০০ |
| ২.২.১০ | ট্রাভেল ফর আউটসাইড ঢাকা পার্টিসিপেন্টস | ১২ জন X ২ ওয়ে | ২৪ | ১,৫০০ | ৩৬,০০০ |
| ২.২.১১ | ডেইলি সাবসিসটেন্স এলাউন্স ফর আউটসাইড ঢাকা পার্টিসিপেন্টস | ১২ জন X ২ দিন | ২৪ | ১,৫০০ | ৩৬,০০০ |
| ২.২.১২ | ল্যাপটপ রেন্টাল ফর পার্টিসিপেন্টস ইন ক্লাসরুম ইউজ | ১২ ল্যাপটপ X ৩ দিন | ৩৬ | ১,৬৮০ | ৬০,৪৮০ |
| ২.২.১৩ | ব্যানার | ১ ইউনিট | ১ | ১,৭০০ | ১,৭০০ |
| ২.২.১৪ | স্টেশনারি | ১ ইউনিট | ১ | ৫,০০০ | ৫,০০০ |
| ২.২.১৫ | ইনসিডেন্টাল কস্ট ফর প্রোগ্রাম স্টাফস | ৩ জন X ৩ দিন | ৯ | ৪৫০ | ৪,০৫০ |
| ২.২.১৬ | সার্ভিস এন্ড সাপোর্ট ইন ট্রেনিং ভেন্যু | পার আউটপুট | ১ | ১০,০০০ | ১০,০০০ |
| | প্রাক মোট | | | | ১,০৪৩,৩৩০ |



Media Resources Development Initiative (MRDI) 8/19 Sir Syed Road Block-A, Mohammadpur Dhaka-1207

| ক্রমিক নং | বিবরণ | | মোট প্রস্তাবিত ব্যয় প্রকল্প বর্ষ-১ (০১ জুলাই ২০২৫ থেকে ৩০ জুন ২০২৬) | | |
|---|---|---|---|---|---|
| | | | পরিমাণ | একক মূল্য | বাংলাদেশী টাকা |
| ২.৩ | **টু মানথ মেন্টরশীপ সাপোর্ট ফর বুটক্যাম্প পার্টিসিপেন্টস** | | | | |
| ২.৩.১ | স্টাইপিন্ড ফর ফেলোস | ১২ জন | ১২ | ৩৫,০০০ | ৪২০,০০০ |
| ২.৩.২ | মেন্টর ফর ফেলোস | ৩ মেন্টর ফর ১২ ফেলোস | ১২ | ৫০,০০০ | ৬০০,০০০ |
| ২.৩.৩ | সার্টিফিকেট (ডিজাইন এন্ড প্রিন্টিং) | লাম্প সাম | ১ | ৭,০০০ | ৭,০০০ |
| | **প্রাক মোট** | | | | **১,০২৭,০০০** |
| ২.৪ | **সেনসেটাইজেশন অফ নিউজরুম এডিটরস/ গেটকিপারস** | | | | |
| ২.৪.১ | ৩ ডে'জ সেনসেটাইজেশন প্রোগ্রাম | ১টি প্রোগ্রাম | ১ | ৯০০,০০০ | ৯০০,০০০ |
| | **প্রাক মোট** | | | | **৯০০,০০০** |
| | **ফেলোশিপ টু অ্যাটেন্ড গ্লোবাল কনফারেন্সেস** | | | | |
| ২.৫ | **ইন্টারন্যাশনাল ট্রাভেল, পারডিয়ামস অ্যান্ড রিলেটেড কস্ট** | | | | |
| ২.৫.১ | ইন্টারন্যাশনাল পারডিয়াম (ইন অবরোড) | জন দিন | ৩৫ | ১২,০০০ | ৪২০,০০০ |
| ২.৫.২ | ভিসা রিলেটেড এক্সপেন্সেস | জনপ্রতি | ৫ | ১২,০০০ | ৬০,০০০ |
| ২.৫.৩ | লোকাল কনভেন্স অ্যান্ড কমিউনিকেশন কস্ট (ইন অবরোড) | জনপ্রতি | ৫ | ১০,০০০ | ৫০,০০০ |
| ২.৫.৪ | এয়ার ফেয়ার | জনপ্রতি | ৫ | ১০০,০০০ | ৫০০,০০০ |
| ২.৫.৫ | অ্যাকোমোডেশন কস্ট (ইন অবরোড) | জনপ্রতি | ২৫ | ৩৫,২০০ | ৮৮০,০০০ |
| | **প্রাক মোট** | | | | **১,৯১০,০০০** |
| ৩ | **টু ইনভেস্টিগেটিভ জার্নালিজম পার্টনারশিপ (আইজেপি) উইথ নিউজ আউটলেটস** | | | | |
| | **পার্টনারশিপ** | | | | |
| ৩.১ | ইনভেস্টিগেটিভ জার্নালিজম পার্টনারশীপ (আইজেপি) উইথ রাউন্ডটেবিল অ্যান্ড সাপ্লিমেন্ট অন বেস্ট ইনভেস্টিগেশন | ২ আউটলেটস | ২ | ১৫০০০০০ | ৩,০০০,০০০ |
| ৩.২ | মিটিং কস্ট | লাম্প সাম | ১ | ৫০০০০ | ৫০,০০০ |
| | | | | | |
| | **প্রাক মোট** | | | | **৩,০৫০,০০০** |
| ৪ | **নিউজ মিডিয়া মনিটরিং অ্যান্ড ওয়েব বেজড নলেজ হাব** | | | | |
| | **মিডিয়া মনিটরিং** | | | | |
| ৪.১ | নিউজপেপার সাবস্ক্রিপশন | ১০ নিউজপেপার X ১২ মাস | ১২ | ৪,৫০০ | ৫৪,০০০ |
| | **প্রাক মোট** | | | | **৫৪,০০০** |
| ৫ | **রাউন্ডটেবিল, সাপলিমেন্ট, পলিসি ডায়লগ, টক শো'স আন্ডার আইজেপি'স** | | | | |
| ৫.১ | রাউন্ডটেবিল, সাপলিমেন্ট, পলিসি ডায়লগ, টক শো'স | ২ আউটলেটস | ২ | ৭০০,০০০ | ১,৪০০,০০০ |
| | **প্রাক মোট** | | | | **১,৪০০,০০০** |
| ৬ | **ট্রেনিং, ডেভেলপমেন্ট এন্ড আদার এক্সপেন্সেস সাপোর্টিং দা প্রজেক্ট** | | | | |
| ৬.১ | অরগানাইজেশনাল ডেভেলপমেন্ট | লাম্প সাম | ১ | ৫০০,০০০ | ৫০০,০০০ |
| | **প্রাক মোট** | | | | **৫০০,০০০** |
| ৭ | **প্রজেক্ট ম্যানেজমেন্ট কস্ট** | | | | |
| ৭.১ | অফিস রেন্ট (পার্সিয়াল) | প্রতি মাস | ১২ | ৬১,৪৮৩ | ৭৩৭,৭৯৬ |
| ৭.২ | ইন্টারনেট এন্ড কমিউনিকেশন এক্সপেন্সেস (পার্সিয়াল) | প্রতি মাস | ১২ | ৩,০০০ | ৩৬,০০০ |
| ৭.৩ | লোকাল কনভেনস (পার্সিয়াল) | প্রতি মাস | ১২ | ২,০০০ | ২৪,০০০ |
| ৭.৪ | ইউটিলিটি এক্সপেন্সেস (ইলেকট্রিসিটি, গ্যাস, পানি) (পার্সিয়াল) | প্রতি মাস | ১২ | ২,০০০ | ২৪,০০০ |
| ৭.৫ | রিপেয়ার এন্ড মেনটেনেন্স এক্সপেন্সেস (পার্সিয়াল) | প্রতি মাস | ১২ | ২,০০০ | ২৪,০০০ |
| ৭.৬ | স্টেশনারিস এন্ড সাপ্লাইস এক্সপেন্সেস (পার্সিয়াল) | প্রতি মাস | ১২ | ২,০০০ | ২৪,০০০ |
| ৭.৭ | ইউজার লাইসেন্স ফি ফর ইআরপি সিস্টেম | ২ লাইসেন্স X ১২ মাস | ২৪ | ৩,৬০০ | ৮৬,৪০০ |
| ৭.৮ | স্টাফ গ্রুপ হেল্থ ইনস্যুরেন্স প্রিমিয়াম | ১ টাইম | ১ | ২৫,০০০ | ২৫,০০০ |
| ৭.৯ | ব্যাংক চার্জ (মাদার একাউন্ট এন্ড প্রজেক্ট একাউন্ট) | প্রতি মাস | ১২ | ১,০০০ | ১২,০০০ |
| ৭.১০ | অডিট অফ একাউন্টস | ১ বার | ১ | ১০০,০০০ | ১০০,০০০ |



Media Resources Development Initiative (MRDI) 8/15 Sir Syed Road Block-A, Mohammadpur Dhaka-1207

| ক্রমিক নং | বিবরণ | | মোট প্রস্তাবিত ব্যয় প্রকল্প বর্ষ-১ (০১ জুলাই ২০২৫ থেকে ৩০ জুন ২০২৬) | | |
|---|---|---|---|---|---|
| | | | পরিমাণ | একক মূল্য | বাংলাদেশী টাকা |
| ৭.১১ | ফ্যাসিলিটি চার্জ | প্রতি মাস | ১২ | ৪০,০০০ | ৪৮০,০০০ |
| ৭.১২ | অফিস ইকুইপমেন্ট এন্ড এক্সেসরিস | লাম্প সাম | ১ | ২০০,০০০ | ২০০,০০০ |
| | প্রাক মোট | | | | ১,৭৭৩,১৯৬ |
| | | | | | |
| | টোটাল প্রোগ্রাম কস্ট | | | | ১৬,৫৭৭,৫৮৩ |

টীকা:

ক. বাজেটে দেখানো হয়নি এমন কোন খাতে ব্যয় করা যাবে না।

খ. সংলগ্নী - 'চ' থেকে আসবাবপত্র অফিস যন্ত্রপাতি, মেশিনপত্র এবং যানবাহনের সংখ্যা ও বরাদ্দ দেখাতে হবে।

গ. প্রকল্প বাস্তবায়নের প্রাক্কালে সংলগ্নী ছ তে ট্রেনিং, সেমিনার এবং ওয়ার্কসপের দিনপুঞ্জি জেলা প্রশাসকগণকে এবং এনজিও বিষয়ক ব্যুরোতে দাখিল

১১.১ উপকারভোগীদের জন্য প্রত্যক্ষ বরাদ্দঃ ১৪,৮০৪,৩৮৭/-(০১ জুলাই ২০২৫ থেকে ৩০ জুন ২০২৬)

**১২ প্রকল্প বাস্তবায়নে বরাদ্দকৃত ওভারহেড কস্ট/প্রশাসনিক ব্যয় বিভাজন ঃ**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৭ | প্রজেক্ট ম্যানেজমেন্ট কস্ট | | | | |
| ৭.১ | অফিস রেন্ট (পার্সিয়াল) | প্রতি মাস | ১২ | ৬১,৪৮৩ | ৭৩৭,৭৯৬ |
| ৭.২ | ইন্টারনেট এন্ড কমিউনিকেশন এক্সপেন্সেস (পার্সিয়াল) | প্রতি মাস | ১২ | ৩,০০০ | ৩৬,০০০ |
| ৭.৩ | লোকাল কনভেন্স (পার্সিয়াল) | প্রতি মাস | ১২ | ২,০০০ | ২৪,০০০ |
| ৭.৪ | ইউটিলিটি এক্সপেন্সেস (ইলেকট্রিসিটি, গ্যাস, পানি) (পার্সিয়াল) | প্রতি মাস | ১২ | ২,০০০ | ২৪,০০০ |
| ৭.৫ | রিপেয়ার এন্ড মেনটেনেন্স এক্সপেন্সেস (পার্সিয়াল) | প্রতি মাস | ১২ | ২,০০০ | ২৪,০০০ |
| ৭.৬ | স্টেশনারিস এন্ড সাপ্লাইস এক্সপেন্সেস (পার্সিয়াল) | প্রতি মাস | ১২ | ২,০০০ | ২৪,০০০ |
| ৭.৭ | ইউজার লাইসেন্স ফি ফর ইআরপি সিস্টেম | ২ লাইসেন্স X ১২ মাস | ২৪ | ৩,৬০০ | ৮৬,৪০০ |
| ৭.৮ | স্টাফ গ্রুপ হেল্থ ইনস্যুরেন্স প্রিমিয়াম | ১ টাইম | ১ | ২৫,০০০ | ২৫,০০০ |
| ৭.৯ | ব্যাংক চার্জ (মাদার একাউন্ট এন্ড প্রজেক্ট একাউন্ট) | প্রতি মাস | ১২ | ১,০০০ | ১২,০০০ |
| ৭.১০ | অডিট অফ একাউন্টস | ১ বার | ১ | ১০০,০০০ | ১০০,০০০ |
| ৭.১১ | ফ্যাসিলিটি চার্জ | প্রতি মাস | ১২ | ৪০,০০০ | ৪৮০,০০০ |
| ৭.১২ | অফিস ইকুইপমেন্ট এন্ড এক্সেসরিস | লাম্প সাম | ১ | ২০০,০০০ | ২০০,০০০ |
| | প্রাক মোট | | | | ১,৭৭৩,১৯৬ |

**১৩ প্রস্তাবিত সংশোধিত বাজেট অনুযায়ী ওভারহেড কস্ট/প্রশাসনিক ব্যয় ও প্রকল্প ব্যয়ের অনুপাত - ১১ ঃ ৮৯**

**১৪ পরিবেশ সংরক্ষণে প্রকল্পটি কিভাবে সহায়তা করবে। প্রকল্পটি জলবায়ু পরিবর্তনে নেতিবাচক প্রভাব ফেলবে কিনা ঃ**

যেহেতু, পরিবেশ সংরক্ষণ এবং জলবায়ু পরিবর্তনের বিষয়টি জনস্বার্থের সাথে ওতোপ্রতোভাবে জড়িত, সে কারনে প্রকল্পের আওতায় জনস্বার্থ সংশ্লিষ্ট প্রতিবেদন তৈরিতে সাংবাদিকদের প্রশিক্ষণ এবং মেন্টরশীপ কার্যক্রমে পরিবেশ সংরক্ষণ এবং জলবায়ু পরিবর্তনের বিষয়টি গুরুত্ব সহকারে বিবেচনা করা হবে। প্রশিক্ষণ পরবর্তী সময়ে সাংবাদিকরা তাদের অর্জিত জ্ঞান ও দক্ষতা কাজে লাগিয়ে জনস্বার্থ সংশ্লিষ্ট বিষয়ে প্রতিবেদন তৈরি করবেন। এ বিষয়ে তৈরিকৃত প্রতিবেদনসমূহ ভবিষ্যতে নীতি নির্ধারকদের প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহনে সহায়ক হবে।

নাম : শেখ শাহনিয়াজ আহম্মেদ
ডেপুটি ম্যানেজার, একাউন্টস

স্বাক্ষর : Ahmed

ঠিকানা : ৮/১৯ স্যার সৈয়দ রোড, ব্লক-এ
মোহাম্মদপুর, ঢাকা-১২০৭

তারিখ ১৫ জুন ২০২৫

নাম : হাসিবুর রহমান
নির্বাহী পরিচালক

স্বাক্ষর :

ঠিকানা : ৮/১৯ স্যার সৈয়দ রোড, ব্লক-এ
মোহাম্মদপুর, ঢাকা-১২০৭

তারিখ ১৫ জুন ২০২৫

Media Resources Development Initiative (MRDI)
8/19 Sir Syed Road
Block-A, Mohammadpur
Dhaka-1207

সংলগ্নী 'ক'

ক) পার্টনার এনজিও/সংস্থার বিস্তারিত তথ্যঃ

*প্রযোজ্য নহে*

| পার্টনার এনজিওর নাম ও ঠিকানা (টেলিফোন, মোবাইল ও ইমেইল নম্বরসহ) | এনজিও ব্যুরোর নিবন্ধন নং ও মেয়াদ | পার্টনার এনজিও কর্তৃক বাস্তবায়িতব্য কার্যক্রমসমূহ (বিস্তারিত) | কর্ম এলাকা (সম্ভাব্য ইউনিয়ন/ওয়ার্ড পর্যন্ত) | বাজেট | সম্পাদনের সময়সীমা | উপকারভোগী |
|---|---|---|---|---|---|---|
| | | ক) ……………<br>খ) …………… | | | | |
| | | ক) ……………<br>খ) …………… | | | | |
| | | ক) ……………<br>খ) …………… | | | | |
| | | ক) ……………<br>খ) …………… | | | | |
| | | ক) ……………<br>খ) …………… | | | | |

খ) মোট অনুদানের পরিমানঃ

০১. নগদ :
০২. কৌশলগত সহযোগিতা (বিস্তারিত বিবরণ) :
০৩. পণ্য/দ্রব্য সহযোগিতা :
০৪. অন্যান্য :
০৫. প্রকল্প বাস্তবায়নাধীন এলাকা :
০৬. উল্লেখযোগ্য অন্যান্য তথ্য :
০৭. চুক্তিপত্রের কপি :

প্রধান নির্বাহীর স্বাক্ষর

হাসিবুর রহমান
নির্বাহী পরিচালক
১৫ জুন ২০২৫

Media Resources Development Initiative (MRDI) ★ 8/19 Sir Syed Road, Block-A, Mohammadpur, Dhaka-1207

সংলগ্নী "খ"

১. প্রকল্পের কর্মকর্তা-কর্মচারীদের বিস্তারিত বিবরণ (দেশী ও বিদেশী উভয়ই) ঃ

| নাম ও পদবী | জাতীয়তা | মেয়াদ (জনমাস) | শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা | দায়িত্বসমূহ | বেতন-ভাতাদি | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | এই প্রকল্প হতে | অন্যান্য প্রকল্প হতে |
| হাসিবুর রহমান নির্বাহী পরিচালক (খন্ডকালীন) | বাংলাদেশী | ১২ মাস | বি. কম. (অনার্স) | ২৮ বছর | প্রকল্প পরিচালনা | ৯০,১৬৩ | ৫১০,৯২৪ |
| সৈয়দ সামিউল বাশার অনিক প্রোগ্রাম কো-অর্ডিনেটর | বাংলাদেশী | ১২ মাস | স্নাতক | ১৩ বছর | প্রকল্প বাস্তবায়ন | ১১৮,২৯৬ | প্রযোজ্য নহে |
| শেখ শাহনিয়াজ আহম্মেদ ফিন্যান্স কো-অর্ডিনেটর (খন্ডকালীন) | বাংলাদেশী | ১২ মাস | স্নাতক | ৩৫ বছর | হিসাব ব্যবস্থাপনা | ৫০,৫৫১ | ৫০,৫৫১ |
| মোঃ মিজানুর রহমান প্রোগ্রাম কো-অর্ডিনেটর-২ (খন্ডকালীন) | বাংলাদেশী | ১২ মাস | এম.কম. | ১৯ বছর | প্রকল্প বাস্তবায়ন | ৩৩,৫৮৭ | ৬২,৩৭৫/- |
| নাবিলুজ্জামান নাফিউ প্রোগ্রাম অফিসার | বাংলাদেশী | ১২ মাস | স্নাতক | ৬ বছর | প্রকল্প বাস্তবায়ন | ৭০,০০০ | প্রযোজ্য নহে |

টিকা ঃ বেতন ভাতা বলতে বেতন, বাড়ী ভাড়া, চিকিৎসা ও অন্যান্য সকল সুবিধা অন্তর্ভূক্ত হবে। বেতন ভাতাদি বাংলাদেশী টাকায় মাসভিত্তিক দেখাতে হবে। রূপকল্প-২০২১ এর আলোকে অধিক কর্মসংস্থানের মাধ্যমে দ্রুত দারিদ্র হ্রাসের লক্ষ্যে বিদেশী নাগরিক নিয়োগ নিরুৎসাহিত করা হয়েছে। প্রকল্পের চাহিদা মোতাবেক উচ্চতর টেকনিক্যাল/ বিশেষায়িত বিশেষজ্ঞ বাংলাদেশে পাওয়া না গেলেই শুধুমাত্র বিদেশী বিশেষজ্ঞ বিবেচ্য।

প্রধান নির্বাহীর স্বাক্ষর

হাসিবুর রহমান
নির্বাহী পরিচালক
১৫ জুন ২০২৫

Media Resources Development Initiative (MRDI)
8/19 Sir Syed Road
Block-A, Mohammadpur
Dhaka-1207

সংলগ্নী 'গ'

## নির্মাণ কাজের বিস্তারিত বিবরণ

(ভৌত নির্মাণের বিস্তারিত বর্ণনা)

**প্রযোজ্য নহে**

ক) জমির মালিকানার প্রমাণক (নামজারী ও জমাখারিজ সহ) :

খ) ভূমি উন্নয়ন কর পরিশোধের প্রমাণক (দাখিলা) :

গ) প্রকৌশল ডিজাইন (প্রকৌশলর নাম, পদবীসহ সিল ও স্বাক্ষরসহ) :

ঘ) নির্মাণের লে-আউট পান :

ঙ) প্রাক্কলিত ব্যয় :

:

প্রধান নির্বাহীর স্বাক্ষর

হাসিবুর রহমান
নির্বাহী পরিচালক
১৫ জুন ২০২৫

Media Resources Development Initiative (MRDI)
8/19 Sir Syed Road
Block-A, Mohammadpur
Dhaka-1207

সংলগ্নী 'ঘ'

## প্রযোজ্য নহে

প্রকল্প এলাকাসমূহে প্রকল্পের বিস্তারিত সাইনবোর্ড প্রদর্শন বিষয়ক তথ্যাদি:

| | |
|---|---|
| ক) প্রকল্পের নাম | : |
| খ) প্রকল্পের মেয়াদকাল | : |
| গ) প্রকল্পের মোট বরাদ্দ | : |
| ঘ) প্রকল্প এলাকায় মোট বরাদ্দ | : |
| ঙ) মোট উপকারভোগীর সংখ্যা | : |
| চ) প্রকল্প এলাকায় মোট জনসংখ্যা | : |
| ছ) দাতা সংস্থার নাম | : |

প্রধান নির্বাহীর স্বাক্ষর

হাসিবুর রহমান
নির্বাহী পরিচালক
১৫ জুন ২০২৫

Media Resources Development Initiative (MRDI) ★ 8/13 Sir Syed Road Block-A, Mohammadpur Dhaka-1207

সংলগ্নী 'ঙ'

## সমাপ্ত অনুরূপ প্রকল্পের অর্জন

**প্রযোজ্য নহে**

১. প্রকল্পের নাম :
২. প্রকল্পের মেয়াদ :
৩. এনজিও বিষয়ক ব্যুরোর অনুমোদন ও তারিখ :
৪. প্রকল্প মূল্য :
৫. প্রকল্পের অডিট ও সমাপনী প্রতিবেদন দাখিল ও গ্রহণের প্রমাণক :
৬. স্থানীয় প্রশাসনের প্রত্যয়নপত্র দাখিলের প্রমাণক :
৭. আর্থ-সামাজিক উন্নয়নে অর্জিত প্রভাব :

| ক্রমিক | কার্যাবলী (এফডি-৬ অনুযায়ী) | ভৌত | | আর্থিক | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | লক্ষ্যমাত্রা | অর্জন | বরাদ্দ | ব্যয় | |
| ১. | | | | | | |
| ২. | | | | | | |
| ৩. | | | | | | |
| ৪. | | | | | | |
| ৫. | | | | | | |

প্রধান নির্বাহী কর্মকর্তার স্বাক্ষর

হাসিবুর রহমান
নির্বাহী পরিচালক
১৫ জুন ২০২৫

Media Resources Development Initiative (MRDI) ★ 8/19 Sir Syed Road Block-A, Mohammadpur Dhaka-1207

সংলগ্নী 'চ'

## উপকরণের বিস্তারিত বর্ণনা (প্রযোজ্য ক্ষেত্রে)

অফিস যন্ত্রপাতি, মেশিনপত্র ও যানবাহন

১. আসবাবপত্র ও অফিস যন্ত্রপাতির বর্ণনাঃ

| ক্রমিক নং | আইটেমের নাম | পরিমাণ | একক মূল্য | মোট ব্যয় |
|---|---|---|---|---|
| | | | | |
| ০১ | অফিস ইকুইপমেন্ট এন্ড এক্সেসরিস | ১ | ২,০০,০০০.০০ | ২,০০,০০০.০০ |
| | সর্বমোট | | | ২,০০,০০০.০০ |

২. মেশিনপত্রের বর্ণনা

| ক্রমিক নং | আইটেমের নাম (প্রস্তুতকারক ও মডেলসহ) | পরিমাণ | একক মূল্য | মোট ব্যয় |
|---|---|---|---|---|
| | প্রযোজ্য নহে | | | |
| | সর্ব মোট | | | |

৩. যানবাহনের বর্ণনা

| ক্রমিক নং | আইটেমের নাম (প্রস্তুতকারক ও মডেলসহ) | পরিমাণ | একক মূল্য | মোট ব্যয় |
|---|---|---|---|---|
| | প্রযোজ্য নহে | | | |
| | সর্ব মোট | | | |

৪. প্রকল্প সমাপ্ত হওয়ার পরে এই অফিস যন্ত্রপাতি, মেশিনপত্র এবং যানবাহনগুলো কিভাবে ব্যবহার হবে সে বিষয়ে বর্ণনা : প্রযোজ্য নহে

প্রধান নির্বাহীর স্বাক্ষর

হাসিবুর রহমান
নির্বাহী পরিচালক
১৫ জুন ২০২৫

Media Resources Development Initiative (MRDI)
8/15 Sir Syed Road
Block-A, Mohammadpur
Dhaka-1207

সংলগ্নী 'ছ'

## প্রশিক্ষণ, সেমিনার, ওয়ার্কসপ ও কনফারেন্সের দিনপুঞ্জি

| ক্রম নং | শিরোনাম/বিষয় | স্থান ও সময় | সংখ্যা | অংশগ্রহণকারীর সংখ্যা | প্রাক্কলিত ব্যয় (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | ট্রেনিং কনটেন্ট ডেভেলপমেন্ট (মিটিং) | ১ম ও ২য় মাস, ঢাকা | ১ | জাতীয় সংবাদমাধ্যমের ১০ জন সিদ্ধান্তগ্রহীতা | ১৫৩,৭৫০ | |
| ২. | মেন্টরশীপ ট্রেনিং অন ফলো দ্য মানি | ২য় ও ৩য় মাস | ১ | জাতীয় বা স্থানীয় সংবাদমাধ্যমে কর্মরত ১২ জন সাংবাদিক | ১,০৪৩,৩৩০ | |

বিঃদ্রঃ প্রশিক্ষণের মডিউল/খসড়া মডিউল সংযুক্ত করতে হবে।

প্রধান নির্বাহীর স্বাক্ষর

হাসিবুর রহমান
নির্বাহী পরিচালক
১৫ জুন ২০২৫

এফডি-২

**অর্থছাড়ের আবেদন ফরম**

| | | | |
|---|---|---|---|
| ১. | সংস্থার নাম ও ঠিকানা | ঃ | মিডিয়া রিসোর্সেস ডেভেলপমেন্ট ইনিশিয়েটিভ (এমআরডিআই)<br>৮/১৯ স্যার সৈয়দ রোড (থার্ড ফ্লর), ব্লক-এ, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭. |
| ২. | প্রকল্পের নাম | ঃ | Togetherness for informed energy transition |
| ৩. | প্রকল্প মেয়াদ | ঃ | ১২ মাস (১ জুলাই ২০২৫ থেকে ৩০ জুন ২০২৬) |
| ৪. | প্রস্তাবিত অর্থছাড়ের পরিমান | ঃ | ১৬,৫৭৭,৫৮৩/- (০১ জুলাই ২০২৫ থেকে ৩০ জুন ২০২৬) |
| ৫. | ১ম/২য়/৩য়/৪র্থ বছরে ব্যাংক হতে উত্তোলিত অর্থের পরিমান | ঃ | প্রযোজ্য নহে |
| ৬. | সংশ্লিষ্ট প্রকল্পের বিগত বর্ষের অর্জন | ঃ | প্রযোজ্য নহে |

| ক্রমিক নং | কার্যক্রমের নাম | বিগত বছরের লক্ষ্যমাত্রা | | অর্জন (%) | | উপকারভোগীর সংখ্যা | মন্তব্য (যদি থাকে) |
|---|---|---|---|---|---|---|---|
| | | বাস্তব | আর্থিক | বাস্তব | আর্থিক | | |
| | | | | | | | |

৭. সংস্থার মাদার একাউন্ট সংক্রান্ত তথ্যাবলী ঃ

ক. ব্যাংক-এর নাম ঃ সাউথইস্ট ব্যাংক পিএলসি, ধানমন্ডি শাখা

খ. ঠিকানা ও হিসাব নম্বর ঃ মিডিয়া রিসোর্সেস ডেভেলপমেন্ট ইনিশিয়েটিভ (এমআরডিআই)
০০১২১১১০০০০৬৬১৬
নাভানা নিউবারি প্লেস (প্রথম তলা, রাপা প্লাজার বিপরীতে)
৪/১/এ সোবহানবাগ, মিরপুর রোড, ধানমন্ডি, ঢাকা ১২০৭

৮. গুরুত্বপূর্ণ যেকোন তথ্য ঃ

ঘোষণা

আমি এই মর্মে ঘোষণা করছি যে সংস্থা কর্তৃক দাখিলকৃত বিবরণ সত্য এবং সঠিক। স্থানীয় প্রশাসক কে তাঁদের এলাকায় পরিচালিত কার্যক্রম ও বাজেট সম্পর্কে অবহিত করা হবে। আমি আরোও ঘোষনা করছি যে মানসম্মত হিসাব ব্যবস্থা অনুসরণ করা হবে এবং যথার্থ হিসাব বই সংরক্ষণ করা হবে। আমি সুশাসন এবং জবাবদিহিতা সংক্রান্ত সকল সরকারী নির্দেশনা মেনে কার্যক্রম সম্পন্ন করবো।

প্রধান নির্বাহীর স্বাক্ষর ও সিল

হাসিবুর রহমান
নির্বাহী পরিচালক
১৫ জুন ২০২৫